**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 30.08.2026** **Desk in Charge : SDG**

**Time: 7.35 AM** **Edit & Compile : Sudip Basu**

**DEO: KB** **NRT : Sudip Basu**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১) খেলাধুলোর উন্নয়নে রাজ্য সরকার প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে 'মিনি ইন্ডোর স্টেডিয়াম' তৈরি করবে।

২/ পূর্ব মেদিনীপুরের শঙ্করপুর থেকে গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে নিহত মৎস্যজীবীদের পরিবারের সদস্যদের হাতে গতকাল চাকরীর নিয়োগ পত্র তুলে দিয়েছে রাজ্য সরকার।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৭-তম পর্ব।

৪/ ক্যামাক স্ট্রিটের ঘটনায় সরকারি কাজে বাধাদান এবং পুলিশ কর্মীদের মারধোরের মতো একাধিক অভিযোগে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে তিনটি FIR দায়ের করেছে পুলিশ।

৫/ উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে নিম্নচাপের প্রভাবে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পরিমাণ বাড়বে।

৬/ কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে ইস্টবেঙ্গল আজ কাস্টমস-এর বিরুদ্ধে খেলবে।

*************************************************************************

খেলাধুলোর উন্নয়নে রাজ্য সরকার প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে 'মিনি ইন্ডোর স্টেডিয়াম' তৈরি করবে। চলতি বছরে এরকম ১-শোটি স্টেডিয়াম তৈরির লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। স্টেডিয়ামগুলি ঋষি অরবিন্দের নামে করা হবে। তিনি জানান, খেলাধুলোর উন্নয়নে চলতি বছরে ৪-শো কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়াও 'অটল খেল সম্মান'-এর অঙ্গ হিসেবে পশ্চিমবঙ্গের জাতীয় ক্লাবগুলিকে ১ কোটি টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে।

গতকাল নবান্নে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সমাজ গঠনে খেলাধুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং রাজ্য সরকার ক্রীড়া ক্ষেত্রের উন্নয়নে নানা প্রস্তাব খতিয়ে দেখছে। শ্রী অধিকারী বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে ক্রীড়া ক্ষেত্র ছিল অবহেলিত। কেন্দ্রীয় সরকার রাজ্যের খেলা-ধুলোর মানন্নোয়নে সব ধরনের সহায়তায় প্রস্তুত। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন-কি-বাত অনুষ্ঠানে খেলাধুলো নিয়ে বারেবারে কথা বলেছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে এরাজ্যের সফল ক্রীড়াবিদদের হাতে গতকাল মোট চার কোটি ৩১ লক্ষ ৫০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। এছাড়াও স্পোর্টস্ কোটায় চাকরির নিয়োগপত্র দেওয়া হয়েছে ১৩ জনকে।

*************************

পূর্ব মেদিনীপুরের শঙ্করপুর থেকে গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে নিহত মৎস্যজীবীদের পরিবারের সদস্যদের হাতে গতকাল চাকরীর নিয়োগ পত্র তুলে দিয়েছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গত সন্ধ্যায় দীঘা থানায় দুই মহিলা সহ মোট ৯'জনের হাতে স্পেশাল হোমগার্ডের নিয়োগপত্র তুলে দেন। মুখ্যমন্ত্রী বলেন, ক্যাবিনেট থেকে এই নিয়োগে ছাড়পত্র দেওয়া হয়েছে।

( বাইট- মুখ্যমন্ত্রী )

উল্লেখ্য, গত দোসরা জুলাই ১৫ জন মৎস্যজীবী 'জয় মা কালী' নামে একটি ট্রলারে গভীর সমুদ্রে মাছ ধরতে যান। প্রাকৃতিক দুর্যোগে সেটি নিখোঁজ হয়ে যায়। পরে দক্ষিণ ২৪ পরগণার বকখালির কাছে ট্রলারটিকে উল্টানো অবস্থায় পাওয়া যায়। ইতমধ্যেই মৃত

ও নিখোঁজ ১৫ জন মৎস্যজীবীর পরিবারের হাতে পাঁচ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা তুলে দিয়েছে রাজ্য সরকার।

*************************

নেপালে ঘুরতে গিয়ে প্রাকৃতিক দুর্যোগের মুখে পড়া আরামবাগের ৬৫ জন পর্যটক সম্পূর্ণ নিরাপদে রয়েছেন। গতকাল এক ভিডিও বার্তা পাঠিয়ে পরিবারের সদস্যদের আশ্বস্ত করেছেন তাঁরা। গত ২৪শে অগস্ট বিকেলে আরামবাগের ওলাইবিবিতলা থেকে ১২ দিনের সফরে নেপাল রওনা দিয়েছিলেন ওই পর্যটকরা। নেপালে গিয়ে হঠাৎ দুর্যোগের কারণে টেলিযোগাযোগ ব্যবস্থা ব্যাহত হওয়ায় তাঁদের সঙ্গে সব ধরণের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এর ফলে গভীর উদ্বেগ ও আশঙ্কায় দিন কাটাচ্ছিলেন তাঁদের পরিজনরা।
এদিকে, নেপালে গিয়ে নিখোঁজ মুকুল রায়ের পুত্রবধূ শর্মিষ্ঠার এখনো সন্ধান না মেলায় উৎকণ্ঠায় রয়েছে পরিবার। গতকাল মুখ্যমন্ত্রীর সঙ্গে টেলিফোনে কথা বলেন, মুকুল রায়ের পুত্র শুভ্রাংশু। বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় সহ বিধায়কদের একটি দল গতকাল শুভ্রাংশু রায়ের বাড়িতে গিয়ে তাঁর পাশে থাকার আশ্বাস দেন।

*************************

প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ পশ্চিমবঙ্গের বিপুল সম্ভাবনা রয়েছে বলে রাজ্য বিজেপি সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগণার অশোক নগরে বাণিজ্যিক উৎপাদন শুরুর কথা উল্লেখ করে এক্স হ্যান্ডেলে তিনি বলেন, দরকার কেবল সঠিক নীতি, দ্রুত সিদ্ধান্ত এবং রাজনৈতিক সদিচ্ছার। বিগত রাজ্য সরকারের সমালোচনা করে তিনি অভিযোগ করেন, প্রশাসনিক গড়িমসি ও অযথা অনুমোদনের বিলম্বের কারণে অশোকনগরের মতো সম্ভাবনাময় প্রকল্পও এতদিন থমকে ছিল। এর ফলে রাজ্য বড় অঙ্কের বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ থেকে বঞ্চিত হয়েছে বলে তিনি উল্লেখ করেন। দুর্নীতি ও লাল ফিতার ফাঁস থেকে শিল্পমুক্ত হলেই পশ্চিমবঙ্গে বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়বে বলে তিনি আশা প্রকাশ করেন।

*************************

মালদা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত শিশুগুলির মধ্যে অন্ততঃ ১০ টি শিশুর ওজন অত্যন্ত কম ছিল বলে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন। ওই হাসপাতালে শিশু মৃত্যুতে তদন্ত কমিটি স্বাস্থ্য দপ্তরে রিপোর্ট জমা দিয়েছে। ৯'টি শিশুকে হাসপাতালে বাইরে থেকে ভর্তি করা হয়েছিল বলে স্বাস্থ্য মন্ত্রী জানান। তাদের মায়েদের বয়স'ও কম। স্বাস্থ্য মন্ত্রী বলেন, গ্রামীণ হাসপাতালগুলিতে কম ওজনের শিশুদের রাখার ব্যবস্থা না থাকায় বাধ্য হয়ে তাদের মেডিক্যাল কলেজে রেফার করা হয়।

*************************

সরকারি কাজে বাধা দান এবং পুলিশ কর্মীদের মারধোরের মতো একাধিক অভিযোগে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে তিনটি FIR দায়ের করেছে পুলিশ। গত বৃহস্পতিবার ক্যামাক স্ট্রিটে অভিষেকের দপ্তরের বিলবোর্ড খোলা নিয়ে ব্যাপক গোলমাল বাধে। তারই তদন্তে অভিষেককে সমন পাঠিয়েছে শেক্সপিয়র সরণী থানা। গতরাতে পুলিশের একটি দল তৃণমূল সাংসদের কালীঘাটের বাড়িতে গিয়ে নোটিশ দিয়ে আসে। আগামী পয়লা সেপ্টেম্বর বেলা ১২ টায় তাকে হাজিরা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

*************************

কলকাতার ক্যাথিড্রাল রোডে মমতাপন্থী তৃণমূল ছাত্র পরিষদের সভায় আদালতের নির্দেশ লঙ্ঘনের অভিযোগে দলনেত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে FIR দায়ের করেছে পুলিশ। কলকাতা হাইকোর্ট, রাস্তার একদিক খোলা রেখে সভা করার অনুমতি দিলেও সেদিন দুটি লেনই বন্ধ হয়ে যায় বলে অভিযোগ।

*************************

পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার, ঐতিহ্য সংরক্ষণ এবং পর্যটকদের নিরবিচ্ছিন্ন সুবিধা দেওয়ার লক্ষ্যে পশ্চিমবঙ্গের পর্যটন দপ্তর, জলপথ পরিবহনকে বিশেষ গুরুত্ব দিচ্ছে। সেই উদ্দেশ্যে পর্যটন দপ্তর, 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড'-

GRSE নির্মিত, ১০০ জন যাত্রী বহনে সক্ষম দুটি হাইব্রিড ইলেকট্রিক ফেরি ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। এর পাশাপাশি তারা জলদাপাড়ায় দুটি বেইলি ব্রিজ তৈরি করবে।

পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ বলেন-

( বাইট- শঙ্কর )

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*************************

পণ্যবাহী ট্রাক থামিয়ে চালকের কাছ থেকে টাকা তোলার অভিযোগে দুই পুলিশ কর্মীকে সাসপেন্ড করেছে লালবাজার। তাদের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। এক সিভিক ভলেন্টিয়ারকে কাজ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। সাসপেন্ড হওয়া দুই পুলিশ কর্মী নুরুল ইসলাম মোল্লা, ট্রাফিক গার্ডের সার্জেন্ট। অন্যদিকে কনস্টেবল পদে কর্মরত ছিলেন শিবনাথ ঠাকুর।

এই দুজন, সিভিক ভলেন্টিয়ার আলি হাসান মোল্লাকে নিয়ে ভাঙড়ের ঘটকপুকুর চৌমাথায় পণ্যবাহী গাড়ি থেকে লাগাতার টাকা তুলছিলেন বলে অভিযোগ জমা পড়ে।

*************************

দেশের সংস্কৃতি ও মনীষীদের জীবনকে সামনে রেখে অনুষ্ঠিত হবে সুবর্ণজয়ন্তী বর্ষের কলকাতা আন্তর্জাতিক বই মেলা। পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রে গতকাল এক বৈঠকে পরামর্শদাতাদের উপস্থিতিতে ১১ সদস্যের একটি কার্যকরী কমিটি গঠন করা হয়েছে।

উল্লেখ্য, ২০২৭ এর বইমেলা অনুষ্ঠিত হবে আগামী বছরের জানুয়ারির ২২ থেকে ফেব্রুয়ারির তিন তারিখ পর্যন্ত।

*************************

শ্রীশ্রী ওঙ্কারনাথদেব বৈদিক বিদ্যাপীঠের উদ্যোগে গতকাল মহামিলন মঠে অনুষ্ঠিত হল একদিনের বিশেষ আলোচনা চক্র ‘ভারতকথা: যে গাথা সারা বিশ্ব শুনছে’। ভারতীয় ঐতিহ্য, আধ্যাত্মিকতা, প্রাচীন শিক্ষাব্যবস্থা, বিজ্ঞান, মহাকাশ গবেষণা এবং সমকালীন ভারতের বিভিন্ন দিক নিয়ে বিশিষ্ট বক্তারা তাঁদের বক্তব্য উপস্থাপন করেন।

*************************

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে নিম্নচাপের প্রভাবে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পরিমাণ বাড়বে বলে জানিয়েছেন, আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত পশ্চিমবঙ্গ, ওড়িশা এবং বাংলাদেশ উপকূল এলাকায় যেতে নিষেধ করা হয়েছে। এদিকে উত্তরবঙ্গে মঙ্গল-বুধবার নাগাদ বৃষ্টির পরিমাণ বাড়ার পূর্বাভাস।

*************************

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে ইস্টবেঙ্গল আজ কাস্টমস-এর বিরুদ্ধে খেলবে। এই ম্যাচে ড্র করলে তারা সুপার সিক্স পর্বে পৌঁছবে। ইস্টবেঙ্গল মাঠে খেলা শুরু হবে দুপুর ৩’টেয়।

*****************************************************************